সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২০. যে সমস্ত জিনিস দ্বারা ইস্তিঞ্জা করা নিষেধ

باب مَا يُنْهَى عَنْهُ أَنْ يُسْتَنْجَى بِهِ

আরবী

حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ الْحِمْصِيُّ، حَدَّثَنَا ابْنُ عَيَّاشٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي عَمْرٍو السَّيْبَانِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الدَّيْلَمِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ قَالَ : قَدِمَ وَفْدُ الْجِنِّ عَلَى رَسُولِ اللهِ صلي الله عليه وسلم، فَقَالُوا: يَا مُحَمَّدُ، انْهَ أُمَّتَكَ أَنْ يَسْتَنْجُوا بِعَظْمٍ أَوْ رَوْثَةٍ أَوْ حُمَمَةٍ، فَإِنَّ اللهَ تَعَالَى جَعَلَ لَنَا فِيهَا رِزْقًا . قَالَ فَنَهَى النَّبِيُّ صلي الله عليه وسلم عَنْ ذَلِكَ .

ـ صحيح

বাংলা

৩৯। ’আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, জিনদের একটি প্রতিনিধি দল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, হে মুহাম্মাদ! আপনার উম্মাতকে হাড্ডি, গোবর অথবা কয়লা দ্বারা ইস্তিঞ্জা করতে নিষেধ করে দিন। কারণ মহান আল্লাহ ওগুলোর মধ্যে আমাদের রিযিক রেখেছেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওগুলো দিয়ে ইস্তিঞ্জা করতে নিষেধ করেন।[1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Mas'ud:

A deputation of the jinn came to the Prophet (ﷺ) and said: O Muhammad, forbid your community to cleans themselves with a bone or dung or charcoal, for in them Allah has provided sustenance for us. So the Prophet

(ﷺ) forbade them to do so.

ফুটনোট

[1] বায়হাক্বী ‘সুনানুল কুবরা’ (১/১০৯) আবূ দাউদ থেকে, দারাকুতনী (১/৫৫) ইবনু ‘আইয়্যাশ সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। গোবর, হাড্ডি ও কয়লা জ্বীনদের খাদ্য। তাই এগুলো দিয়ে ইস্তিনজা করা নিষেধ।

২। মানুষের মতো জ্বীনদেরও মৌলিক প্রয়োজন আছে।

৩। জ্বীনদের উপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রিসালাতের প্রমাণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57357

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন